# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

দ্বাবিংশ বর্ষ (দ্বিতীয় সংখ্যা)
জুলাই ২০১১



**রানী রাসমণি স্মারক বক্তৃতা, ২০১১**

বিদ্যামন্দিরের বিশিষ্ট প্রাক্তনী প্রয়াত অধ্যাপক তারাপদ দাস প্রবর্তিত 'রানী রাসমণি স্মারক বক্তৃতা' এ বছর নিম্নলিখিত সূচী অনুসারে অনুষ্ঠিত হবে ঃ

তারিখ ঃ ১৫ আগস্ট ২০১১, সোমবার
সময় ঃ বেলা ২টো
স্থান ঃ আশা-জ্যোতি কনফারেন্স হল, বিদ্যামন্দির
বিষয় ঃ **ভগিনী নিবেদিতা ও শ্রীশ্রীমা**
বক্তা ঃ **স্বামী বলভদ্রানন্দজী মহারাজ** সম্পাদক, রামকৃষ্ণ মিশন আশ্রম, আসানসোল।

**এই বক্তৃতা সভায় যোগদানের জন্য সকলকে সাদর আমন্ত্রণ।**

বিদ্যামন্দির (১০ জুলাই ২০১১) —কর্মসচিব

*"In one word, the ideal of Vedanta is to know man as he really is, and this is its message, that if you cannot worship your brother man, the manifested god, how can you worship a God who is unmanifested?"*
—Swami Vivekananda

## সম্পাদকীয়

উনিশ শতক বাংলা তথা ভারতের নবজাগরণের যুগ। নবজাগরণ কথাটির ব্যাপ্তি ও ব্যঞ্জনা অনেক বেশী। এর বিশেষ অর্থ হল বিভিন্ন বিষয়ে মানুষের কৌতূহল ও অনুসন্ধিৎসা এবং তার সাথে সাথে প্রাচীন ইতিহাস ও ঐতিহ্যকে নতুন করে জানা ও বোঝা। এই শতকে সমাজ, সাহিত্য, বিজ্ঞান, ধর্ম, শিল্প প্রভৃতি বিভিন্ন ধারায় নবজাগরণ আন্দোলন প্রত্যক্ষ ও অনুভূত হয়। এই আন্দোলন অখণ্ড বাংলাদেশে সবচেয়ে বেশী জমাট বেঁধে উঠেছিল কারণ ভারতের অন্যান্য অঞ্চলের তুলনায় বাংলায় ক্ষেত্রটি তৈরী হয়েছিল ভাল। এখানে সদ্য প্রবর্তিত পাশ্চাত্য শিক্ষার একটি সদর্থক ভূমিকাও ছিল। রাজা রামমোহন থেকে শুরু হয় নবজাগরণ আন্দোলন, যাকে আরও প্রাণবন্ত ও শক্তিশালী করে তোলেন সমাজ ও সাহিত্যের ক্ষেত্রে বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ, ধর্মের ক্ষেত্র কেশবচন্দ্র, রামকৃষ্ণ-বিবেকানন্দ, শিল্পের ক্ষেত্রে রবীন্দ্রনাথ, অবনীন্দ্রনাথ, বিজ্ঞানের ক্ষেত্রে স্যার জগদীশচন্দ্র এবং আচার্য প্রফুল্লচন্দ্র। এ প্রসঙ্গে আরও অনেক মনীষীর নাম স্মরণীয়।

একই বছরে (১৮৬১) মাত্র তিন-চার মাসের ব্যবধানে আবির্ভূত হন বাংলা মায়ের দুই কৃতী সন্তান—বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এবং বিশ্ববন্দিত বৈজ্ঞানিক আচার্য প্রফুল্লচন্দ্র রায়। এ বছর (২০১১)-এ দুই মনীষীর আবির্ভাবের সার্ধ শতবর্ষ উদ্‌যাপিত হবে দেশের বিভিন্ন প্রান্তে যথাযোগ্য মর্যাদা সহকারে।

বিদ্যামন্দিরেও প্রাক্তনী সংসদের উদ্যোগে এবং বিদ্যামন্দিরের সহযোগিতায় আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হবে আগামী ১ আগস্ট ২০১১ আর যথেষ্ট মর্যাদা সহকারে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের আবির্ভাবের সার্ধশতবৎসর-এর অনুষ্ঠান করার পরিকল্পনাও আছে সংসদের।

—নিত্যনিরঞ্জন কুন্ডু, প্রধান সম্পাদক

## ২০১০-২০১১ বর্ষের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

প্রিয় সতীর্থ,

অ্যাসোসিয়েশনের ২০১০-১১ বর্ষের বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে ঃ

তারিখ : ১৫ আগস্ট ২০১১, সোমবার ; সময় : বিকেল ৩-১৫ মিনিট ; স্থান : আশা-জ্যোতি কনফারেন্স হল, বিদ্যামন্দির।

আলোচ্য বিষয়সূচী :

১। ৫.৯.২০১০-এ অনুষ্ঠিত বিগত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন ; ২। সম্পাদকের বার্ষিক প্রতিবেদন : ২০১০-১১ বর্ষ ; ৩। ২০১০-১১ বর্ষের অডিট রিপোর্ট ; ৪। ২০১১-১২ বর্ষের জন্য অডিটর নিয়োগ ; ৫। বিবিধ (সভাপতির অনুমোদন সাপেক্ষে)।

এই সভায় যোগদানের জন্য সকল সদস্যকে সাদর আমন্ত্রণ জানাই।

(১০ জুলাই ২০১১) —কর্মসচিব

বিঃদ্রঃ—এই সভার দিনে বিদ্যামন্দিরে মধ্যাহ্ন ভোজনে যাঁরা ইচ্ছুক, তাঁরা ১৩ আগস্টের মধ্যে কর্মসচিবকে টেলিফোনের (৯৮৩১৪৬৪৬৬০) মাধ্যমে জানিয়ে দেবেন।

# আনন্দ সংবাদ

❀ সম্প্রতি বিদ্যামন্দিরের রসায়ন বিভাগের ভূতপূর্ব অধ্যাপক ও বিভাগীয় প্রধান অধ্যাপক যোগজীবন রায় কোলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক 'এমিনেন্ট টিচার অ্যাওয়ার্ড'—এ সম্মানিত হয়েছেন। অধ্যাপক রায় ১৯৮৩-তে বিদ্যামন্দিরে ৬০ বছরের কর্মজীবন শেষ করেন এবং পাঁচ বছরের পুনর্নিয়োগের পর ৩১মে ১৯৮৮-তে বিদ্যামন্দিরের শিক্ষক হিসেবে পূর্ণ অবসর গ্রহণ করেন। অশীতিপর শ্রদ্ধেয় অধ্যাপকের এই সম্মানপ্রাপ্তি বিদ্যামন্দির পরিবারের সকলকেই আনন্দিত করেছে। উল্লেখ করা যেতে পারে, ইতিপূর্বে বিদ্যামন্দিরের আরও দু'জন অধ্যাপক—পদার্থবিদ্যা বিভাগের শ্রী গৌরাঙ্গদাস চক্রবর্তী এবং ইন্টারমিডিয়েট পর্বের বাণিজ্য বিভাগের শ্রী বলাই সেনগুপ্ত মহাশয়ও এই সম্মানে ভূষিত হয়েছিলেন। অধ্যাপক যোগজীবন রায়ের প্রতি আমাদের সশ্রদ্ধ প্রণাম নিবেদন করি।

❀ বিদ্যামন্দিরের বাংলা বিভাগের ভূতপূর্ব বিভাগীয় প্রধান অধ্যাপক ডঃ মহীতোষ বিশ্বাস বাংলা কথাসাহিত্যের লেখক তালিকায় একটি সপরিচিত নাম। সম্প্রতি প্রকাশিত হ'ল অধ্যাপক বিশ্বাসের সুদীর্ঘ উপন্যাস—'পরতাল'; প্রকাশক 'একবিংশ', কোলকাতা। দেশভাগ, উদ্বাস্তু সমস্যা, ক্যাম্পকলোনীর জীবন, নকশাল আন্দোলন, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ এবং লোকায়ত জীবন-চিত্র—এসবের মিশেলে গবেষণাধর্মী এই উপন্যাস বাংলা উপন্যাসের তালিকায় একটি উল্লেখযোগ্য সংযোজন। অধ্যাপক বিশ্বাসের অজস্র গুণমুগ্ধ পাঠকের সঙ্গে প্রাক্তনী সংসদও তাঁকে অভিনন্দিত করছে।

❀ বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৬৪-৬৭) রাজা প্যারীমোহন কলেজের প্রাক্তন উপাধ্যক্ষ অধ্যাপক গোপীনাথ দত্ত গত জানুয়ারী মাসে 'বিবেকানন্দ সংসদ' (বাখরাহাট, দক্ষিণ ২৪ পরগণা)-কে স্বামী বিবেকানন্দের একটি মূল্যবান আবক্ষ মূর্তি সংসদভবনে স্থাপনের জন্যে দান করেছেন। মূর্তিটির আবরণ উন্মোচন করেন বারাসাত রামকৃষ্ণ মঠের স্বামী অকল্মষানন্দজী মহারাজ। স্বামীজীর ভাব প্রচার ও প্রসারে অধ্যাপক দত্তের এই দৃষ্টান্ত আরো অনেককে উৎসাহিত ও অনুপ্রাণিত করবে—এই আমাদের বিশ্বাস।

❀ 'রাগা-মিউজিক'-এর তরফে সম্প্রতি প্রকাশিত হয়েছে প্রাক্তনী তুলসীদাস বন্দ্যোপাধ্যায়ের (১৯৭৯-৮৩) গাওয়া রবীন্দ্রসঙ্গীতের একটি অ্যালবাম—'সুরে সুরে তালে তালে' শিরোনামে। সুপরিবেশিত দশটি সঙ্গীতের এই অ্যালবামে যন্ত্রানুষঙ্গ পরিচালনা করেছেন বিদ্যামন্দিরের আর এক প্রাক্তনী গৌতম মুখোপাধ্যায় (১৯৯৪-৯৭)। উভয়কেই আন্তরিক অভিনন্দন।

**—অধ্যাপক তপন কুমার ঘোষ**

# শোক সংবাদ

✪ বিদ্যামন্দিরের 'ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি' বিভাগের অন্যতম স্থপতি ডঃ দিলীপ কুমার মুখার্জী ক্যান্সাররোগে আক্রান্ত হয়ে গত ৫.২.১১ তারিখে পরলোকগমন করেছেন। স্বল্পবাক, বিনয়ী, সুপন্ডিত এবং সহৃদয় এই অধ্যাপক সম্পূর্ণ বিনা পারিশ্রমিকে ছাত্রদের দীর্ঘকাল নিয়মিত পাঠদান করেছেন, নানাভাবে ছাত্রদের এবং বিদ্যামন্দিরকে আর্থিক সহায়তা করেছেন। দুর্লভগোত্রের শিক্ষক, রামকৃষ্ণভাবধারায় নিবেদিত প্রাণ এই অসামান্য মানুষটির প্রয়াণে সমগ্র বিদ্যামন্দির পরিবার আন্তরিক শোকাহত। সংসদ তাঁর আত্মার শান্তি কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গকে সমবেদনা জানায়।

✪ বিদ্যামন্দিরের ১৯৪৬-৪৮-এর প্রাক্তনী মুম্বাই-এর প্রখ্যাত চিত্রনাট্যকার শচীন ভৌমিক গত ১২.৪.১১ তারিখে তাঁর 'পালি হিল্'-এর বাসভবনে ৮১ বছর বয়সে পরলোকগমন করেছেন। 'আরাধনা', 'গোলমাল', 'কোই মিল গয়া', 'তাল'—ইত্যাদি চলচ্চিত্র তাঁর অনন্যসাধারণ সংলাপের জন্য স্মরণীয় হয়ে থাকবে। আমরা তাঁর আত্মার সদ্‌গতি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবারবর্গকে সমবেদনা জ্ঞাপন করি।

✪ বিদ্যামন্দিরের অবসরপ্রাপ্ত শিক্ষাকর্মী শ্রী চিত্তরঞ্জন দাস গত ১৬.০৫.১১ তারিখে তাঁর বেলুড়ের বাসভবনে আনুমানিক ৭০ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। ১৯৬২ থেকে প্রায় ৪২ বছর তিনি বিদ্যামন্দিরে কর্মরত ছিলেন। এখান থেকেই তিনি অবসর গ্রহণ করেন। প্রথম অধ্যক্ষ স্বামী তেজসানন্দজী থেকে শুরু করে অনেক সন্ন্যাসী, কর্মী এবং শিক্ষকের সাহচর্য তিনি পেয়েছেন। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবারবর্গকে সমবেদনা জানাই।

✪ বিদ্যামন্দির পরিবারের অন্যতম প্রাক্তন সদস্য স্বামী সৎপ্রভানন্দজী (কৃষ্ণমূর্তি মহারাজ) গত ১৬ জুন অপরাহ্নে বেলুড় মঠে তাঁর নশ্বর দেহ ত্যাগ করেন। প্রয়াণকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর ৩ মাস। শেষ বয়সে তিনি ব্রঙ্কিয়াল এ্যাজমায় ভুগছিলেন এবং বেলুড় মঠেই অবস্থান করতেন। বিদ্যামন্দিরে তিনি ছাত্রাবাস অধীক্ষকের পদে নিযুক্ত ছিলেন। বিদ্যামন্দির ছাড়াও মহারাজ কামারপুকুর, নরেন্দ্রপুর, রাজকোট ও মায়াবতী প্রভৃতি কেন্দ্রে থেকে দেশ ও দশের সেবা করে গেছেন। তিনি কয়েকটি পুস্তিকাও রচনা করেছিলেন। সদালাপী, সুরসিক, মিষ্টভাষী মহারাজের প্রয়াণে আমরা গভীর শোকাহত। শোক সন্তপ্ত চিত্তে আমরা তাঁর আত্মার শান্তি প্রার্থনা করি।

**—অধ্যাপক তপন কুমার ঘোষ**

# News from the Vidyamandira
## (January to June 2011)

Vidyamandira, after being selected as a 'College with Potential for Excellence' (CPE) has entered into a new era of dynamism in various fields of activities with generous financial assistance from the U.G.C. Some of the major activities are reported here :

**Infrastructural Development :**

- Out of the CPE funds, a new Computer Laboratory with 28 computers has been set up for use by the Statistics, Computer Science, Economics and Mathematics departments. Additionally, every department has been provided with 1 desktop computer, 1 laptop computer and a printer.
- From the U.G.C. funds, solar water heating systems are being installed for the kitchen, the different hostels and other locations.
- Out of a sanction of Rs. 25 lakhs received as Additional Assistance to the college from UGC, items like generator, equipments for 'smart' class rooms, a xerox machine, digital cameras (ordinary and video), refrigerators, a 55′′ TV, Computer software and laboratory instruments have been purchased.
- A total of six 'smart' class rooms have been set up in the college. These rooms will have the following devices (i) LCD projector to magnify e-file, (ii) Avermedia portable digital document visualiser
- Vidyamandira has recently subscribed to the e-journals and e-books for staff members and students from the N-LIST programme.

**Seminars & Lectures :**

- The following UGC sponsored seminars were held during the period.

| Deptt. | Date | Topic |
|---|---|---|
| Bengali | 27-29.01.11 | *Rabindranath : Anyo Matray, Anyo Barne* |
| Philosophy | 01-02.02.11 | Development of Logic : Indian and Western |
| Sanskrit | 17-18.02.11 | Contribution of Paninian School in the area of Sanskrit studies |
| Chemistry | 25.03.11 | Chemistry in our lives |

- Following is a list of some important departmental seminars/lectures and weekly seminars.

| Date | Speaker and Designation | Topic |
|---|---|---|
| 22.01.2011 | Mahua Mukhopadhyay, Prof, Rabindra Bharati University | Banglar Shastryia Nritya : Gouriya Nritya |
| 28.01.2011 | Manidipa Sanyal, Prof, Calcutta University | Logic and Ordinary Language |
| 12.02.2011 | Dr. Pradip Malhotra, Physician and Abhijatri | Bharater Pratham Dakshin Meru Abhijan |
| 21.02.2011 | Subinoy Chakraborty, Mathematics, Jadavpur University | Role of Geometry in Relativity Theory |
| 26.02.2011 | Basanta Singha Roy and Debashis Biswas, 1st non-govt Everest Climbers | Everest Abhijan |
| 05.03.2011 | Jyotirmoy Sikdar & Mohit Ranadip, Psychiatric and Counselor | Basic Concepts of Counselling : A Brief Introduction to Life & Education |
| 17.03.2011 | Dilip Kr Maity, BARC, Trombay | Molecular Level Understanding of Hydration of Ions : Size Selected Cluster Spectroscopy |
| 09.04.2011 | Karunasindhu Das, VC, Rabindra Bharati University | Sanskrita Bhasa Sahitya Ebong Bharatyio Sanskriti (Swami Tejasananda Memorial Lecture) |

- Vidyamandira, in collaboration with the Ramakrishna Mission Institute of Culture, Golpark, is going to organise a UGC sponsored national seminar on "Sri Ramakrishna's Ideas and Our Times : a Retrospect on His 175th birth anniversary".

**Other Important Activities :**

- A modern state-of-the art Water Purification Plant was formally inaugurated at Belur Math (Headquarters) on 12 December 2010. Vidyamandira has been fitted with plumbing connections from this plant, and thus the scarcity of iron-free water in Vidyamandira will hopefully be removed.

- Recently a "Students Benefit Fund" has been created with the help of contribution from all students. This Fund will be utilised on hospitalization and other exigencies which require unforseen large amount of expenditure on students.

- Tata Consultancy Services (TCS) conducted an English Proficiency Laboratory Programme for students of Vidyamandira. The eighty hour training was conducted by competent trainers to make the students familiar with BPO & Corporate environment. Forty six students participated in the programme and forty two finally appeared for the 'Exit Test'. TCS ultimately selected twenty six of them as eligible for interview at the company's Rajarhat Campus. The successful candidates will remain enlisted in the TCS panel and may be recruited by the company in course of time.

**Teacher's Achievement :**

- Sri Bhabesh Ray, Assistant Professor in the Dept. of Physics, was admitted to the degree of Doctor of Philosophy (Ph.D.) in Science of Jadavpur University on 22.11.2010.

**Sports :**

- This year the Annual Sports was held at the college play-ground on 5 Feb. 2011. Sri Amal Datta, renowned football coach, was President of the Prize Distribution Function. Sri Rupak Saha, renowned sports journalist was present as the Chief Guest.

- A nine-member team of Vidyamandira athletes participated in the Meet sponsored by the Education Department, Govt. of W.B. Vivekananda Duary, a third year student, came out first in 200 mtrs run and second in 'long-jump'. Ekramul Haque of second year secured the third position in the 'shot put' event.



বিদ্যামন্দিরে রবীন্দ্রনাথের সার্ধশতবর্ষ উপলক্ষে আয়োজিত আলোচনাচক্র

**Annual Prize Distribution Ceremony :** This important function was held on 26 March 2011 at 1-30 p.m. Prof. Bimal Kumar Roy, Director, ISI Kolkata, presided over the function.

**Students' Achievements :**



বিদ্যামন্দিরের ১৯৬৮-

The following is a synopsis of the successful candidates of Physics, Chemistry and Mathematics students of our college in different entrance examinations for P.G. courses, 2011.

**A.** IIT-JAM (M.Sc.Courses at different IITs in the country).

| Subject | Appeared | Successful | Ranks (among first 20) |
|---|---|---|---|
| Physics | 23 | 23 | 1,13,14,16 |
| Chemistry | 26 | 26 | 6,8,13,16 |
| Mathematics | 12 | 12 | 1,6 |

**B.** TIFR—Bangalore : Integrated Ph.D. in Mathematics-2.

**C.** IISc—Bangalore : Integrated Ph.D. in Mathematics-2, Physics-4, Chemistry-4 (Waiting-1)

**D.** IACS—Kolkata : Integrated Ph.D in Chemistry-2, (Waiting-7)

**E.** Vivekananda University : M.Sc. Mathematics-2.

- Following is the result of the post graduate students (appearing and passed-outs) of our college in the following examinations :

| Name of the Examination | Departments and no of successful students (appearing and passed-outs) |
|---|---|
| WB SSC | Mathematics 4; Sanskrit 5; Bengali 5 |
| UGC-NET | Mathematics 1; Sanskrit 1(JRF); Bengali 5(JRF 1) |

- The Quiz team from the Chemistry Department of the Vidyamandira became champion at the 15th Inter-college Chemi-Quiz organized by the Department of Chemistry and Bio-Chemistry of the Presidency College.

**Other News :**

- Swami Gunamayananda (Uttam Maharaj) left Vidyamandira in May, 2011 to take up the responsibility of Headmaster of R. K. Mission School at Sargachhi. Maharaj was the Mess-in-charge of Vidyamandira from June 2006. He also took classes in Bengali Deptt. and Spiritual Heritage in the college. Br. Narasimhachaitanya (Debabrata Maharaj) will henceforth be the Mess-in-charge.

- Br. Ekanathachaitanya (Bhargav Maharaj) of the Dept. of Mathematics and Statistics has been ordained a monk this year. His new name is Swami Ekachittananda.

—**Prof. Tapan Kr. Ghosh**, Vice-President

# প্রাক্তনী সংসদ সমাচার

"Unselfishness is more paying, only people have not the patience to practise"



-৭১ ব্যাচের প্রাক্তনীরা

—স্বামীজীর এই বাণী অনুসরণ বিদ্যামন্দিরের প্রাক্তনীদের জীবনে বিশেষ গুরুত্বপূর্ণ।

প্রাক্তনী সংসদ সীমিত সামর্থ্য নিয়ে সকলের সহযোগিতায় বিদ্যামন্দিরে ও বিদ্যামন্দিরের বাইরে নানা কর্মপ্রক্রিয়া উৎসাহের সঙ্গেই চালিয়ে যাচ্ছে।

**স্বাস্থ্য প্রকল্প ঃ** বেলুড় শ্রমজীবী হাসপাতালের সক্রিয় সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। জুলাই, ২০১০-এ প্রকাশিত প্রাক্তনীবার্তার পর থেকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত মোট ২৬ জন দুঃস্থ রোগীকে ১৭,০০০ টাকা সাহায্য দেওয়া সম্ভব হয়েছে। এই প্রকল্পে স্থানীয় রোগীরা ছাড়াও দূর-দূরান্তের রোগীদেরও যথাসম্ভব আর্থিক সাহায্য দেওয়া হয়েছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প ঃ** পূর্ব ঘোষণা অনুযায়ী ১৯৬৮-৭১-বর্ষের প্রাক্তনীরা ১৬ এপ্রিল, ২০১১ তারিখে বিদ্যামন্দিরে এসেছিলেন। এ-বছরও তাঁরা সংসদ কর্তৃপক্ষের হাতে ৪ লক্ষ ৮ হাজার ২০১ টাকা তুলে দিয়েছেন। এখনও পর্যন্ত এই তহবিলে তাঁদের প্রদত্ত অর্থের পরিমাণ ১৫ লক্ষ ৯৭ হাজার ৫০৩ টাকা।

**স্বামী তেজসানন্দ স্মারক ক্যুইজ প্রতিযোগিতা ঃ** এই আকর্ষণীয় প্রতিযোগিতাটি ৯ এপ্রিল, ২০১১ তারিখে অনুষ্ঠিত হয়। মোট ৮টি কলেজের ছাত্রছাত্রী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এই প্রতিযোগিতায় বিদ্যামন্দিরের ছাত্রবৃন্দ বিজয়ী হয়। দ্বিতীয় স্থান অধিকার করে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আবাসিক কলেজের ছাত্রবৃন্দ। ৮ টি দলের প্রত্যেক ছাত্রছাত্রীকে শংসাপত্র ও কিছু বই দেওয়া হয়। প্রসঙ্গত উল্লেখ্য চ্যাম্পিয়ন দলের জন্য "দেবেন্দ্র দত্ত-শিবরাণী দত্ত" স্মৃতি পুরস্কারটি দিয়েছেন প্রাক্তনী অধ্যাপক গোপীনাথ দত্ত (১৯৬৪-৬৭) এবং রানার্স দলের জন্য "বিক্রমজিৎ-নীলিমা বক্সী" স্মৃতি পুরস্কার দিয়েছেন প্রাক্তনী জয়জিৎ বক্সী (১৯৫৫-৫৭)।


**The rate chart for advertisements to be published in the commemorative volume of the Silver Jubilee Celebration (to be published on 5th February, 2012).**

*If you want the form, you may please download it from our website or mail us or ring us in the following contact numbers.

Please send the advertisement matters by **1st January, 2012** to our alumni office.

| Sl No. | Description of the Page | Rate |
|---|---|---|
| A | Back Cover | Rs. 30,000.00 |
| B | Second Cover | Rs. 20,000.00 |
| C | Third Cover | Rs. 20,000.00 |
| D | Front of the First Fold of The Second Cover | Rs. 15,000.00 |
| E | Front of the First Fold of The Back Cover | Rs. 15,000.00 |
| F | All Inside Covers | Rs. 10,000.00 |
| G | Special (Art Pull) Page | Rs. 9,000.00 |
| H | Special Full Page | Rs. 7,000.00 |
| I | Ordinary Full Page | Rs. 2,500.00 |
| J | Half Page | Rs. 1,500.00 |
| K | Quarter Page | Rs. 1,000.00 |

**Contact Numbers :** Vidyamandira College 033-26549181, Swami Shastrajnananda 9432090889, Tapan Kumar Ghosh 9836618143, Manoj Kumar Bhattacharyya 9831464660, Sushanta Dey 9433346353

—Secretary


**স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা ঃ** বিগত ৯ই এপ্রিল রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক করুণাসিন্ধু দাস 'সংস্কৃত ভাষাসাহিত্য এবং ভারতীয় সংস্কৃতি' বিষয়ে একটি মনোজ্ঞ বক্তৃতা দেন।

**স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার ঃ** বিগত বছরগুলির মতো এ বছরও বিদ্যামন্দিরে তৃতীয়বর্ষের দুই ছাত্র পিন্টু দে (সংস্কৃত বিভাগ) ও সৌম্য সাধুখাঁ (পদার্থবিদ্যা বিভাগ) কে এই স্মারক পুরস্কার দেওয়া হয়েছে।

**বিবেকানন্দ সম্মেলন ঃ** এ বছরের (২০১১-১২) বিবেকানন্দ সম্মেলন পশ্চিম মেদিনীপুর জেলায় অনুষ্ঠিত হবার সম্ভাবনা আছে।

**ডাইনিং হলের কাজ ঃ** মার্চ, ২০১১-তে প্রাক্তনীবার্তা প্রকাশনার পর থেকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত আরও ১,৫৪,৫০০ টাকা এই প্রকল্পে প্রাক্তনী ও তাদের পরিবারের সদস্যরা দান করেছেন। এখনও পর্যন্ত এই প্রকল্পে মোট ৩,৯৮,০৪৮ টাকা সংগৃহীত হয়েছে।

**রজতজয়ন্তী বর্ষ ঃ** প্রাক্তনীসংসদের রেজিস্ট্রেশন বর্ষ ১৯৮৬-৮৭ হিসাবে ২০১১-১২ বর্ষ হলো রজতজয়ন্তী (সিলভার জুবিলী) বর্ষ। প্রাক্তনী সংসদ বিজ্ঞানী আচার্য প্রফুল্লচন্দ্র রায় ও কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের সার্ধশতবর্ষ জন্মজয়ন্তী পালন এবং পরিশেষে ২০১২-এর ৫ ফেব্রুয়ারী পুনর্মিলন উৎসব অনুষ্ঠানের মাধ্যমে রজতজয়ন্তী বর্ষ পালন করতে যাচ্ছে। **রজতজয়ন্তী পুনর্মিলন উৎসব স্মরণিকায় প্রকাশিতব্য বিজ্ঞাপনের হার বর্তমান সংখ্যায় পৃথক ভাবে দেওয়া হলো।**

আগামী ১আগস্ট, ২০১১ তারিখে আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের সার্ধশতবর্ষ জন্মজয়ন্তী উপলক্ষে সংসদ অর্ধদিবস সেমিনারের আয়োজন করেছে। এই সেমিনারে বক্তা হিসাবে উপস্থিত থাকবেন দুই বিখ্যাত অধ্যাপক নিতাই চন্দ্র মন্ডল ও শ্যামল চক্রবর্তী মহাশয়। এঁরা বিজ্ঞানী প্রফুল্লচন্দ্র রায়ের জীবন ও তাঁর বিজ্ঞান গবেষণা নিয়ে আলোচনা করবেন।

প্রাক্তনী সংসদের কর্মযজ্ঞে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীদের সংসদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

**—মনোজ কুমার ভট্টাচার্য** (কর্মসচিব)



বিদ্যামন্দিরের উন্নয়নে প্রাক্তনী প্রয়াত চন্দ্রনাথ দে'র পরিবারবর্গ

# Scholarships Awarded by Alumni Association

## A. Scholarships to Present Students of Vidyamandira

### Swami Vimuktananda-Dhyanatmananda Memorial Scholarship : 2010-2011

| Recipient | Subject | Amount |
|---|---|---|
| Tanmoy Khanra, 3rd yr | Political Science | 7,200 |
| Arup Chakraborty, 3rd yr | History | 3,600 |
| Mathura Bagdi, 1st yr | History | 3,600 |
| Shibsankar Das, 1st yr | Bengali | 5,400 |
| Debarghya Dutta, 1st yr | Political Science | 4,800 |
| Tuhin Sadhukhan, 1st yr | Microbiology | 4,400 |
| Anup Kr. Mondal, 1st yr | Mathematics | 6,000 |
| Saikat Pal, 1st yr | Chemistry | 6,000 |
| | Total— | 41,000 |

### Graduates of 1971 Scholarship Fund : 2010-2011

*Donor :* Students of Vidyamandira who passed out in 1971

| Recipient | Subject | Amount |
|---|---|---|
| Abu Talha Sarkar, 1st yr | Philosophy | 2,000 |
| Bhaskar Palit, 1st yr | Mathematics | 15,000 |
| Biswanath Adak, 1st yr | Sanskrit | 2,000 |
| Debasish Bhunia, 1st yr | History | 14,000 |
| Subash Ch. Shit, 1st yr | Chemistry | 3,500 |
| Narayan Samanta, 2nd yr | Political Science | 14,000 |
| Sumit Samanta, 2nd yr | Industrial Chem. | 14,000 |
| Ramkrishna Mondal, 3rd yr | Bengali | 14,000 |
| Tarun Kr. Gayen, 3rd yr | Industrial Chem. | 14,000 |
| | Total— | 92,500 |

### Asha-Jyoti Memorial Scholarship : 2010-2011 *Donor :* Dr. Debi Prosad Chaudhury

**Recipient :** Sebabrata Ghosh, 3rd year, Computer Applications (Major) ; **Amount :** Rs. 1,000

## B. Scholarships & Prizes to Just Passed out Students of Vidyamandira

### Hemchandra Gangopadhyay Memorial Scholarship

*Donor :* **Dr. Dhiman Ganguly**

Arjun Sarkar (2007-10), JU — History — 3,500

### Chandranath De Memorial Scholarship

*Donor :* **Smt. Shrabani Dey**

Ramu Kumar Das (2007-10), CU — History — 1,500

### Ashutosh Das Memorial Scholarship

*Donor :* **Bratin Das**

Ajoy Kumar Bera (2007-10), JU — Political Science — 2,000

### Swami Tejasananda Memorial Prize : 2011

Pintu Dey (2007-10) — Sanskrit Hons.

Soumya Sadhukhan (2007-10) — Physics Hons.

# Donations to the Alumni Association (January—June 2011)

## List of Donors for Graduates of 1971 Scholarship Fund

| Sl. No. | Name | Amount |
|---|---|---|
| 1. | Swami Bimalatmananda | 30,200/- |
| 2. | Prof. Ajit Kumar Dolui | 20,000/- |
| 3. | Sushil Kumar Seth | 3,000/- |
| 4. | Syamalendra Nath Mitra | 3,000/- |
| 5. | Bhaktibhusan Gangopadhyay | 5,000/- |
| 6. | Asish Bhadra | 12,000/- |
| 7. | Satyabrata Das | 10,001/- |
| 8. | Udayan Ganguly | 18,000/- |
| 9. | Asim Mitra | 10,000/- |
| 10. | Prof. Atindra Nath Das | 10,000/- |
| 11. | Pratap Kumar Das | 15,000/- |
| 12. | Surya Chatterjee | 10,000/- |
| 13. | Pallav Mukherjee | 5,000/- |
| 14. | Madhai Mondal | 20,000/- |
| 15. | Malay Kumar Sen | 5,000/- |
| 16. | Col. Balaram Mandal | 10,000/- |
| 17. | Dayamay Nandi | 5,000/- |
| 18. | Prof. Tapan Kumar Jana | 5,000/- |
| 19. | Sankar Roy | 10,000/- |
| 20. | Asok K. Sinha | 10,000/- |
| 21. | Pradip K. Paul | 10,000/- |
| 22. | Malay Shankar Bhattacharya | 10,000/- |
| 23. | Dilip Sengupta | 1,000/- |
| 24. | Nirmal Banerjee | 20,000/- |
| 25. | Debi Prosad Banerjee | 5,000/- |
| 26. | Chanchal Kumar Ghosh | 5,000/- |
| 27. | Jaydev Jana | 10,000/- |
| 28. | Shivaprasad Bhattacharyya | 20,000/- |
| 29. | Joydeb Chowdhury | 5,000/- |
| 30. | Prof. Asok K. Mallik | 5,000/- |
| 31. | Swapan K. Datta | 10,000/- |
| 32. | Murari Mohan Mukherjee | 5,000/- |
| 33. | Chandan Raychaudhury | 1,000/- |
| 34. | Asim K. Ray | 8,000/- |
| 35. | Kaushik Saha | 10,000/- |
| 36. | Laksmi Narayan Samanta | 20,000/- |
| 37. | Jasobanta Mahapatra | 4,000/- |
| 38. | Manick Chandra Konar | 2,000/- |
| 39. | J. K. Gangopadhyay | 10,000/- |
| 40. | Dipankar Hazra | 10,000/- |
| 41. | Gautam Hazra Chaudhury | 13,000/- |
| 42. | Tushar Kanti Das | 3,000/- |
| 43. | Sanat Kumar Majhi | 5,000/- |
| | Total | 4,08,201/- |

**Health Care Fund**—Debasish Ghosh (Donor), Rs. 10,000/-

**Vivekananda Sammelan Fund**–Soumen Banerjee(Donor), Rs. 2,000/-

### General Donation

| Name | Amount |
|---|---|
| Ashoke Kumar Biswas | 1,000/- |
| Manoj Kumar Bhattacharjee and other EC members | 500/- |
| Santu Sinha Roy | 500/- |
| **Total** | **2,000/-** |

### Scholarship Fund

| Name | Amount |
|---|---|
| Ranabir Das | 20,000/- |
| Apurba Manna | 8,000/- |
| Smt. Debdutta Dey (Daughter of Late Chandranath Dey) (Chandranath Dey Memorial Scholarship Fund) | 1,00,000/- |
| **Total** | **1,28,000/-** |

# Living for Others

It is only natural that a student of Vidyamandira stands out in a crowd when it comes to living for others. However, it is pretty remarkable if his feeling for Vidyamandira, and for the suffering humanity for that matter, is found to guide him even after more than half a century of leaving the institution, and more so, when it is found to have percolated to the next generations too. Here are a few inspiring reports.

★ **An inspired family :** The late Chandranath Dey was a student of Vidyamandira for just one year during 1959-60. Later on, he used to take a lot of interest in the affairs of our Alumni Association and was its secretary at the time of his sad untimely demise in 1998. Just as Chandranath became the pivot for the contemporary alumni to cluster around the mother organisation, his wife Srabani spontaneously took on herself the task of playing this pivotal role thereafter. And now his daughter Debdatta, now in USA and son Debraj have donated Rs. One Lakh each for augementing the corpus of the existing CN Dey Memorial Scholarship Fund at Ramakrishna Mission Vidyamandira Alumni Association and as contribution towards kitchen Modernisation Project respectively.

★ **We bleed !** The report of a massive earthquake striking the north-eastern coast of Japan on March 11, 2011 creating an extremely destructive tsunami that rushed ashore within minutes, resulting in the loss of around 3,000 lives, huge properties and shelters, as also of continuous radiation from nuclear power plants as an aftermath, evoked spontaneous sympathy in the hearts of many of the Vidyamandira family members. Responding to an appeal by Swami Medhasanandaji, former Principal of Vidyamandira and now Minister-in-Charge, Vedanta Society of Japan, a Disaster Relief Fund for Japan was created by Ramakrishna Mission Vidyamandira Alumni Association to be kept open till 31 July 2011. The following members of Vidyamandira family immediately came forward with their mite, not caring to ponder even for a second that Japan is an affluent country and that their contributions could be only peas and nuts against the backdrop of an ocean of needs :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| RKMV Alumni Association | 10,000.00 | Nipak Chaklanobis | 2,000.00 | Debnath Roy | 2,000.00 |
| RKMV Teachers' Council | 10,000.00 | Tapan Kr. Ghosh | 5,000.00 | Ganesh Ch. Mandal | 1,000.00 |
| Swami Tyagarupananda | 1,000.00 | Sandipan Sen | 5,000.00 | Goutam Mukhopadhyay | 1,000.00 |
| Biswanath Das | 2,000.00 | Hemadri Chatterjee | 2,000.00 | Soham (NGO) | 1,000.00 |
| Nityaniranjan Kundu | 2,000.00 | Suvojit Dutta | 5,000.00 | Susanta Dey | 1,000.00 |
| Tuhin Kr. Ganguli | 1,000.00 | Bratin Das | 2,000.00 | Shyamal Kole | 2,000.00 |
| Dhiman Ganguly | 2,000.00 | Alok Kr. Chattopadhyay | 2,000.00 | Anup Kr. Das | 1,000.00 |
| Srabani Dey | 2,000.00 | Kalyan Basu | 1,500.00 | Manoj Kr. Bhattacharya | 1,000.00 |
| Balai Ch. Modak | 1,000.00 | Tanweer Alam Mazhari | 1,000.00 | Kalyan Bandyopadhyay | 1,000.00 |
| Ajit Kr. Dolui | 1,001.00 | Bedadyuti Chakraborty | 2,000.00 | **Total Rs.** | **70,501.00** |

★ **Examples emulated :** We did suffer in the past, why should they, too, in future?—was the spirit which prompted a good many alumni— individually and collectively—to come forward in the recent past to help out the Vidyamandira administration to create facilities that would benefit the present and the future generations. Inspired by such instances, another group, spearheaded by Sri Arun Hazra (1957-59) organised a fund raising drive among his contempories and handed over on 14 June 2011, a sum of Rs. 54,500 to the Vice Principal of Vidyamandira for the Kitchen Modernisation Project. The details are as under :

| | | | |
|---|---|---|---|
| Saumendra Kumar Bagchi (1957-59) | 3,000 | Kalyan Sen Gupta (1957-59) | 5,000 |
| Tapan Ch Bhattacharya (1957-59) | 5,000 | Dipankar Chattopadhyay (1957-59) | 1,000 |
| Mukul Roy (1957-59) | 5,000 | Soumen Roy Chowdhury (1957-59) | 5,000 |
| Samarendranath Das (1957-59) | 3,000 | Ranabir Chowdhury (1957-59) | 3,000 |
| Ramen Roy (1957-59) | 5,000 | Arun Hazra (1957-59) | 5,000 |
| Samir Majumdar (1957-59) | 4,000 | Dipak Datta (1956-58) | 3,000 |
| Jagannath Neogi (1957-59) | 5,000 | Debabrata Guha (1955-57) | 2,500 |
| | | **Total Rs.** | **54,500** |

We put on record our heartfelt thanks to all concerned.

—**Dr. Biswanath Das**, President

# আমরা আজ রজতজয়ন্তী বর্ষে

সময়ের চরিত্র বড়ই বিচিত্র। একই জন্মে তাই তো ঘটে জন্ম-জন্মান্তর। কত স্বপ্ন, কত চেষ্টা, কত প্রাপ্তি, কত অপ্রাপ্তি—হিসেব করতে করতেই মানুষ একদিন দেখে কতগুলি জন্মদিন যে সে পেরিয়ে এসেছে, তারই হিসেবটা যাচ্ছে গুলিয়ে। ব্যক্তির ক্ষেত্রে একথা যেমন খাটে, তেমনি একথা সত্য হয়ে থাকে প্রতিষ্ঠানের ক্ষেত্রেও। শুধু পার্থক্যটা এই যে, প্রতিষ্ঠানে কাজ করে সমষ্টিচেতনা—ব্যক্তিস্বার্থ, ব্যক্তিপ্রয়াসকে অতিক্রম করে সেখানে বহুর জন্যে করার ভাবনা ও সাধনা নিয়োজিত হয়; বিশেষত সে প্রতিষ্ঠান যদি হয় কোন মহৎ উদ্দেশ্যে স্থাপিত এবং থাকে যদি তার নির্দিষ্ট লক্ষ্য। রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের প্রাক্তন ছাত্রদের সংসদটি আজ যখন তার আনুষ্ঠানিক প্রতিষ্ঠার ২৫ বছরের পথ পার হওয়ার মুখে, তখন এমন কত কথাই না মনে পড়তে পারে এর কান্ডারীদের। একটি প্রতিষ্ঠানের পক্ষে ২৫ বছর পার হওয়া নিশ্চয়ই এক দীর্ঘ জীবনপথ অতিক্রমণের সাক্ষ্য নয়। কিন্তু যেকালে ব্যক্তির স্বার্থ সমষ্টির আবাহনের পথে বিরাট বাধা বলে মনে করছে সংসার, সেকালে ১৯৮৬-র মাটিতে পড়া একটি অতিক্ষুদ্র বীজের এভাবে ক্রমশ সতেজ হয়ে ওঠার চিহ্ন নিয়ে পথ চলা ত কম কথা নয় কখনই। যাঁরা ছিলেন এই প্রতিষ্ঠানের সূচনার একনিষ্ঠ কারিগর, কালের নিয়মে তাঁরা অনেকেই স্বলোকযাত্রী আজ, অনেকেই অভিজ্ঞতা আর বয়সের যুগ্ম ভারে পথ-চলা পথিক, তবু তাঁদের সবাইকে স্মরণ করি আজ আমরা। এই লেখা ইতিহাসের প্রতিবেদন নয়, তবু এই কৃতজ্ঞতা প্রকাশের পথে একালের সাধকদের জন্যে সংগ্রহ করা রইল অতীতের আশীর্বাদ। প্রতিষ্ঠান তাই তাঁদের স্মরণ করার মুহূর্তেই স্মরণীয় করে রাখতে চায় রজত-ছোঁয়া বছরের এই মাইলফলকটিকে, ২০১১-২০১২ এই বর্ষব্যাপী সময়পর্বকে।




**বিদ্যামন্দিরের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় শ্রীঅমল দত্ত ও শ্রীরূপক সাহা**

কী কী হতে পারে এই সময়ের আয়োজন? নানা আলোচনার পরে দেখা গেল একটি পুনর্মিলন উৎসব বোধহয় সবার সাধারণ চাওয়া; কেবল পুরানো সেই দিনের কথাকে ফিরিয়ে আনার জন্যে নয়, কাঁধে কাঁধ রেখে আদর্শটাকে ঝালিয়ে নিতেও বটে। ঠিক হয়েছে তাই ৫ ফেব্রুয়ারী, ২০১২, রবিবারে হবে এবারের প্রাক্তনী সংসদের রজত জয়ন্তী স্মারক পুনর্মিলন উৎসব। বিরাট তার আয়োজন। বিস্তারিত রূপরেখা জানানো হবে পরের প্রাক্তনীবার্তায়। এবারে শুধু থাকছে রজতজয়ন্তী বর্ষের পুনর্মিলন স্মরণিকার জন্যে প্রাক্তনীদের কাছে আবেদন। স্মারক পত্রিকা প্রকাশের জন্যে বিজ্ঞাপন সংগ্রহ করে অথবা নিজেরা **'space book'** করে পুনর্মিলন উৎসবের সাফল্যের জন্যে এগিয়ে আসুন, এই অনুরোধ আপনাদের কাছে। তবে শুধু পুনর্মিলন উৎসব নয়, আরো কয়েকটি বিশেষ কাজের কথা ভাবা হয়েছে। যেমন, ১ আগষ্ট বিদ্যামন্দিরের সঙ্গে সহযোগিতায় প্রাতঃস্মরণীয় বিজ্ঞানী আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের জন্মের সার্ধ-শতবর্ষ উপলক্ষে প্রাক্তনী সংসদ আয়োজন করছে একটি অর্ধদিবসীয় আলোচনাচক্রের। এছাড়াও, রবীন্দ্রনাথ ঠাকুরের আবির্ভাবের সার্ধ-শতবর্ষ উপলক্ষে আয়োজন করা হবে আর একটি অনুষ্ঠানের, তারও দিনক্ষণ জানিয়ে দেওয়া হবে কিছুদিনের মধ্যে। প্রকাশ করার চেষ্টা চলছে মেম্বার্স্ ডাইরেক্টরীর দ্বিতীয় সংস্করণ—এইভাবেই আমরা রজত জয়ন্তী উৎসব উদ্‌যাপনের নানা পরিকল্পনা গ্রহণ করেছি।

সাধ আমাদের চিরকালই অনেক। সাধ্য আমাদের আজও সীমিত। জানি এখনও অনেক পথ বাকী। কিন্তু এও জানি এই হার-না-মানা লড়াই আমাদের চলবেই। সামনে আছেন নিত্যকালের অধিনায়ক ঠাকুর, মা আর স্বামীজী। বুকে থাকুক সাধু সংকল্প। স্বপ্নে থাকুক মহতের শরণাগত হওয়ার ইচ্ছা। এই সব কিছু নিয়ে আসুন নেমে দাঁড়াই বাস্তবের মাটিতে। প্রার্থনা করি ঃ 'তোমার পতাকা যারে দাও, তারে বহিবারে দাও শকতি'।

—**স্বামী শাস্ত্রজ্ঞানন্দ**, উপাধ্যক্ষ

প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমন্ডলী
আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ অধ্যাপক নিত্যনিরঞ্জন কুণ্ডু
সদস্যবৃন্দ ঃ ডঃ বিশ্বনাথ দাস, অধ্যাপক তপন কুমার ঘোষ, শ্রী মনোজ কুমার ভট্টাচার্য, শ্রী সুশান্ত দে, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ
প্রাক্তনীবার্তা প্রকাশনায় আর্থিক সহায়তা ঃ শ্রী নচিকেতা ভরদ্বাজ, ডঃ সুব্রত গাঙ্গুলি, শ্রী বীরবিক্রম রায় (সকলেই প্রাক্তনী)

PRINTED MATTER

**BOOK POST**

**If undelivered, please return to :**
**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**
**E-mail : alumnividyamandira@gmail.com • Website : www.alumnividyamandira.in**

Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536